

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৭১.১৬-০২

তারিখ: ২২ পৌষ ১৪২৮

০৬ জানুয়ারি ২০২২

বিষয়: চট্টগ্রাম জেলার আনোয়ারা উপজেলাধীন বারখাইন জামেয়া জুমহুরিয়া সিনিয়র আলিম মাদ্রাসা এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ব্রডশীট জবাবের ৫ (গ) নং অনুচ্ছেদে বর্ণিত ডিআইএ কর্তৃক আপত্তি বিষয়ে টিএমইডি এর সিদ্ধান্ত বাস্তবায়ন করে এর প্রমাণক টিএমইডি-তে প্রেরণ।

সূত্র: টিএমইডি এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৬.০১.০৭১.১৬-১৬৮, তারিখ: ১৬.০৫.২০১৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে, চট্টগ্রাম জেলার আনোয়ারা উপজেলাধীন বারখাইন জামেয়া জুমহুরিয়া সিনিয়র আলিম মাদ্রাসার ব্রডশীট জবাবের উপর টিএমইডি'র নির্দেশনা বাস্তবায়নপূর্বক প্রমাণক প্রেরণের জন্য ডিজি, মাউশি-কে পত্র প্রেরণ করা হয়।

০২. ডিআইএ কর্তৃক উত্থাপিত অনুচ্ছেদ ৫(গ) এ বর্ণিত আপত্তি নিম্নরূপ:

(ছ) সহকারী শিক্ষক জনাব আবুল হোসেন চৌধুরী কর্তৃক গৃহীত ২২,৪৫৪/- টাকা ফেরতের সুপারিশ অবাস্তবায়িত।

(প) প্রভাষক জনাব মুহা: শামসুদ্দীন এর প্রভাষক পদে নিয়োগ নিয়মিতকরণ গ্রহণযোগ্য নয় বিধায় গৃহীত ১,৭৫,৯৯২/- টাকা ফেরতের সুপারিশ অবাস্তবায়িত।

০৩. এক্ষণে, উপরিউক্ত আপত্তির আলোকে আপত্তিকৃত সমুদয় টাকা সরকারি কোষাগারে জমা করে প্রমাণক টিএমইডি-তে প্রেরণ আবশ্যিক।

০৪. উল্লেখ্য, অনুচ্ছেদ ৫(গ) এ বর্ণিত আপত্তিকৃত টাকা সরকারি কোষাগারে জমাদান করার প্রমাণক টিএমইডি-তে না পাওয়ার কারণে ডিআইএ কর্তৃক আনীত আপত্তি হতে নিষ্পত্তি প্রদান করা যাচ্ছে না।

০৫. বর্ণিতাবস্থায়, উপরিউক্ত সহকারী শিক্ষক জনাব আবুল হোসেন চৌধুরী কর্তৃক গৃহীত ২২,৪৫৪/- টাকা এবং প্রভাষক জনাব মুহা: শামসুদ্দীন কর্তৃক গৃহীত ১,৭৫,৯৯২/- টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করে প্রমাণক আগামী ১০.০২.২০২২ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে আবশ্যিকভাবে প্রেরণের জন্য ২য় বারের মতো মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৬-১-২০২২

নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৭১.১৬-০২/১

তারিখ: ২২ পৌষ ১৪২৮
০৬ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয়-অবগতির জন্য)
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, বারখাইন জামেয়া জুমহুরিয়া সিনিয়র আলিম মাদ্রাসা, উপজেলা-আনোয়ারা, জেলা-চট্টগ্রাম। (অধ্যক্ষকে সর্বাঙ্গিক সহযোগিতা প্রদানের অনুরোধ)
- ৪) অধ্যক্ষ, বারখাইন জামেয়া জুমহুরিয়া সিনিয়র আলিম মাদ্রাসা, উপজেলা-আনোয়ারা, জেলা-চট্টগ্রাম। (নির্দেশনা মতে যথাসময়ে প্রমাণক টিএমইডি-তে প্রেরণের অনুরোধ)
- ৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) অফিস কপি, মাষ্টার কপি।



৬-১-২০২২

নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব